

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়,
৩, পি.সি. রায় রোড,
খুলনা।


স্মারক নং ৪৭.৬১.৪৭০০.০০০.৪২.০০১.২২.

তারিখঃ ১৮/০৬/২০২৩খ্রিঃ

সমবায় সমিতি নিবন্ধন বাতিলের আদেশ

যেহেতু জাবড়া মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং ০৫/ডু তারিখ ২৯/১০/২০১৩ খ্রিঃ, ঠিকানা- গ্রামঃ জাবড়া, ডাকঘরঃ কাঞ্চননগর, উপজেলাঃ ডুমুরিয়া, খুলনা এর কার্যক্রম বিগত ০১ বছরের অধিক কাল যাবৎ বন্ধ থাকায় সমিতির নিবন্ধন কেন বাতিল করা হবে না মর্মে এ দপ্তরের স্মারক নং ৫৭৭; তারিখঃ ৩১/০৫/২০২৩ খ্রিঃমূলে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং যেহেতু, জারিকৃত নোটিশের পরিপ্রেক্ষিতে সমিতি কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ জবাব দাখিল করেনি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন আইন, ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর বিধান অনুযায়ী জাবড়া সিআইজি (ফসল) সমবায় সমিতির নিবন্ধন এতদ্বারা সরাসরি বাতিল করা হলো।


(সৈয়দ জসীম উদ্দিন)
জেলা সমবায় কর্মকর্তা
খুলনা।

ফোন: ০২৪৭৭-৭২১৬৬৮
Email: khulnadco@gmail.com


স্মারক নং ৪৭.৬১.৪৭০০.০০০.৪২.০০১.২২.

৪৪৫/২৩

তারিখঃ ১৮/০৬/২০২৩খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. জনাব বিথিকা মল্লিক, সভাপতি জাবড়া মহিলা সিআইজি (ফসল) সমবায় সমিতি লিঃ, গ্রামঃ জাবড়া, ডাকঘরঃ কাঞ্চননগর, ডুমুরিয়া, খুলনা।
২. উপজেলা সমবায় কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা।
৩. উপ-নিবন্ধক(বিচার), বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। সদয় অবগতির জন্য।


জেলা সমবায় কর্মকর্তা
খুলনা।